


অগ্নি-দুর্ঘটনা মোকাবেলায় করণীয়



অসাবধানতাই অগ্নিকাণ্ডের প্রধান কারণ। অগ্নি প্রতিরোধে সচেতন হোন।



জাতীয় জরুরি সেবা কেন্দ্র ৯৯৯-এ বা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে ০২-৯৫৫৫৫৫৫৫ ০১৭১৩০৩৮১৮২ বা ১০২ নম্বরে ফোন করুন।



রান্নার পর চুলার আগুন সম্পূর্ণ নিভিয়ে ফেলুন। গ্যাসের চুলা হলে ফুঁ দিয়ে না নিভিয়ে রান্না শেষ হলে চুলার চাবি ভালো করে বন্ধ করে দিন।



অগ্নি নিরাপত্তার জন্য সবসময় আপনার ভবনে অগ্নি নির্বাপণ যন্ত্র, দুই বালতি পানি বা বালু মজুদ রাখুন।



ছোট ছেলে-মেয়েদের আগুন নিয়ে খেলা থেকে বিরত রাখুন।

DON'T PLAY WITH FIRE



বৈদ্যুতিক মেইন সুইচ বাধাহীনভাবে প্রবেশ করা যায় এমন স্থানে স্থাপন করুন। দুর্ঘটনার শুরুতেই মেইন সুইচ বন্ধ করুন।



দাহ্যবস্তু আছে এমন স্থানে খোলা বাতির ব্যবহার বন্ধ রাখুন। জরুরি প্রয়োজনে খোলা বাতি ব্যবহারে সর্বোচ্চ সতর্কতা বজায় রাখুন। ঘর-বাড়িতে খোলা বাতি জ্বালিয়ে কখনো ঘুমিয়ে পড়বেন না। লোকশূন্য জায়গায় খোলা বাতি জ্বালিয়ে রাখা নিরাপদ নয়।



ব্যবসা প্রতিষ্ঠানে প্রচলিত নিয়ম অনুসারে অগ্নি নির্বাপক যন্ত্রপাতি স্থাপন করুন। প্রশিক্ষণ নিন এবং প্রয়োজন মুহূর্তে তা ব্যবহার করুন।



গ্যাসের চুলা জ্বলানোর আগে অবশ্যই রান্না ঘরের দরজা-জানালা খুলে দিন।



অগ্নি প্রতিরোধ, অগ্নি নির্বাপণ, উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করুন।



অভিজ্ঞ ইলেকট্রিশিয়ান দ্বারা নিয়মিত ভবনের বৈদ্যুতিক কেবল ও ফিটিংস পরীক্ষা করুন।

বেসিস্টার নং ডি ৫-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

তৃপনন্দ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ১৫, ২০১৫

প্রতিটি শিল্পকারখানা ও ভবনে অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন ২০০৩ অনুযায়ী অগ্নি-প্রতিরোধ ব্যবস্থা বাস্তবায়ন করুন।